

স্কটিশ পার্লামেন্টের ভাষাগত সাহায্য

যার যে ভাষাই হোক না কেন পার্লামেন্টের কাজকর্মে স্কটল্যান্ডের সকলই যাতে শরীক হতে পারেন তা স্কটিশ পার্লামেন্ট নিশ্চিত করে নিতে চান।

যে কোনো ভাষায় তথ্যের জন্য বা কোনো কিছুর জন্য অনুরোধ করার জন্য সর্বপ্রথম 'পাবলিক ইনফর্মেশন সার্ভিস' এর সাথে যোগাযোগ করবেন। আপনার প্রয়োজন আমরা মূল্যায়ন করব এবং আপনার অনুরোধ এগিয়ে নিতে আপনাকে সাহায্য করব।

আমার নিজ ভাষায় আমি কিভাবে যোগাযোগ বা অনুসন্ধান করতে পারি?

আপনি যে কোনো ভাষায় স্কটিশ পার্লামেন্টের কাছে অথবা এম.এস.পি-দের কাছে চিঠি লিখতে বা ইমেইল করতে পারেন। তাছাড়া যে কোনো কমিটির কাছে যে কোনো ভাষায় পিটিশন বা লিখিত সাক্ষ্যপ্রমাণ দাখিল করতে পারবেন। বাইরের অনুবাদ ও দোভাষী সেবাব্যবস্থা আমাদেরকে ব্যবহার করতে হয় বলে অন্যান্য ভাষায় চিঠিপত্রের মাধ্যমে যোগাযোগ করলে এবং ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজ (বি.এস.এল) ব্যবহারকারীদের ক্ষেত্রে ডিভিডি-তে বা ভিডিও-তে কথাবার্তা রেকর্ড করে পাঠালে আমাদের সুবিধা হয়।

তবে ইংরেজি বা গেলিক ভাষায় টেলিফোন কল, টেকস্টফোন কল এবং টেকস্ট মেসেজ আমরা গ্রহণ করি। আপনি নিজে যদি ইংরেজি ভাষা না জানেন, তবে যে কোনো একজন বন্ধু বা আত্মীয়কে ধরে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আমি কি কি চাইতে পারি?

পার্লামেন্টের কাজকর্মে জড়িত হবার জন্য স্কটিশ পার্লামেন্টের প্রকাশিত তথ্যাদি আপনার নিজ ভাষায় অনুবাদ করে দেওয়ার জন্য আপনি অনুরোধ করতে পারেন। কোনো কমিটির মিটিংয়ে সাক্ষি হিসাবে আপনাকে ডাকা হলে অথবা পার্লামেন্টের কাজকর্মে শরীক হতে চাইলে আপনার জন্য একজন ইন্টারপ্রিটার (দোভাষী) ব্যবস্থা করার অনুরোধ করতে পারেন। ইন্টারপ্রিটার বা অনুবাদ ব্যবহারের উদ্দেশ্য, সময়সীমা এবং খরচ ইত্যাদির অলাকে গ্রহণযোগ্য সব ধরনের অনুরোধ আমরা রক্ষা করব। ইন্টারপ্রিটার বা অনুবাদ সেবা প্রাপ্যতার উপর নির্ভরশীল এবং তা কমপক্ষে দুই সপ্তাহ আগে অগ্রিম বুক (সংরক্ষণ) করতে হয়।

পার্লামেন্টের কোনো অনুষ্ঠানে বা বিষয়ে যোগদানের জন্য আমি দাওয়াত পেলে এবং সে জন্য আমার একজন ইন্টারপ্রিটারের দরকার হলে আমাকে কি করতে হবে?

কোনো অনুষ্ঠান বা পর্বে যোগদানের ক্ষেত্রে ভাষাগত সাহায্যের জন্য আপনার একজন ইন্টারপ্রিটারের দরকার হলে অনুষ্ঠানের যে আয়োজনকারী আপনাকে দাওয়াত করেছেন দয়া করে তার সাথে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করবেন। দয়া করে মনে রাখবেন যে, ইন্টারপ্রিটারের দরকার হলে কমপক্ষে দুই সপ্তাহ আগে তা জানাতে হবে।

এম.এস.পি-দের সাথে আমি কিভাবে যোগাযোগ করতে পারব?

আপনি যে কোনো ভাষায় এম.এস.পি-দের কাছে চিঠি লিখতে পারেন। কোনো একজন এম.এস.পি-র সাথে কোনো বিষয় নিয়ে আলাপ করতে চাইলে ইন্টারপ্রিটারের ব্যবস্থা করার জন্য ঐ এম.এস.পি-কে অনুরোধ করতে পারবেন।

ইন্টারপ্রিটারের ব্যবস্থা করতে কত সময় লাগবে?

আপনার ইন্টারপ্রিটারের দরকার হলে দয়া করে যত আগে সম্ভব জানাবেন। সাধারণত কমপক্ষে দুই সপ্তাহ আগে জানাতে হয়। তবে নির্দিষ্ট কিছু ভাষার ইন্টারপ্রিটারের ব্যবস্থা করতে এবং একই সাথে একাধিক ইন্টারপ্রিটারের দরকার হলে আরো বেশি সময় লাগতে পারে।

চিঠিপত্রের অনুবাদ সাধারণত পাঁচ কার্যদিবসের ভিতরে করা যাবে। তবে দীর্ঘ কাগজপত্র (3,000 এর বেশি শব্দ সম্বলিত কাগজপত্র) অনুবাদ করতে, বি.এস.এল রেকর্ডিং করতে এবং নির্দিষ্ট কিছু ভাষায় অনুবাদের ব্যবস্থা করতে 20 কার্যদিবস পর্যন্ত সময় লেগে যেতে পারে।

আমাকে কি অনুবাদের বা ইন্টারপ্রিটারের খরচ দিতে হবে?

যুক্তিসংগত পরিমাণের অনুবাদ খরচ বা কমিটির সামনে সাক্ষি দেওয়া, এম.এস.পি-দের সাথে দেখা করা বা পার্লামেন্টের কার্যক্রমে শরীক হওয়ার জন্য ইন্টারপ্রিটারের খরচ স্কটিশ পার্লামেন্ট জনসাধারণের কাছ থেকে আদায় করেন না। বি.এস.এল এর জন্য বাড়তি কোনো খরচ দিতে হয় না।

আমি কিভাবে আরো জানতে পারব?

আমাদের ওয়েবসাইটে [স্কটিশ পার্লামেন্টের ভাষা নীতিমালা](#) (স্কটিশ পার্লামেন্টের ভাষা নীতিমালা) পড়তে পারবেন। তাছাড়া আপনার 'পাবলিক ইনফর্মেশন সার্ভিস' এর সাথে যোগাযোগ করে আপনার প্রয়োজন নিয়ে আলোচনা করে নিতে পারেন।

যোগাযোগের বিবরণ

পাবলিক ইনফর্মেশন সার্ভিস

Public Information

The Scottish Parliament
Edinburgh
EH99 1SP

টেলি: 0800 092 7500
0131 348 5000

টেকস্ট: 07786 209888

ইমেইল: sp.info@scottish.parliament.uk